# সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ প্রার্থনামূলক কুরআনী দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

২৯। অন্ধকার ও ঝড়-বাতাসের সময় আল্লাহর পানাহ চাইতেঃ

সূরা ফালাক্ব ও নাস। (আবু দাউদ, মিশকাত ২১৬২নং)

মানুষ ও জিন্ন শয়তান, জাদুকর ও হিংসুক-সহ সকল অনিষ্টকারীর অনিষ্ট হতে আশ্রয় চাইতে পঠনীয়।।

অর্থঃ বল, আমি আশ্রয় প্রার্থনা করছি উষার প্রতিপালকের কাছে। তিনি যা সৃষ্টি করেছেন, তার অনিষ্ট হতে। অনিষ্ট হতে রাত্রির, যখন তা অন্ধকারাচ্ছন্ন হয়। এবং ঐসব আত্মার অনিষ্ট হতে, যারা (যাদু করার উদ্দেশ্যে) গ্রন্থিতে ফুৎকার দেয়। এবং অনিষ্ট হতে হিংসুকের, যখন সে হিংসা করে। (ফালাক্বঃ ১-৫)।

বল, আমি আশ্রয় প্রার্থনা করছি মানুষের প্রতিপালকের নিকট। যিনি মানুষের। মালিক। যিনি মানুষের উপাস্য। আত্মগোপনকারী কুমন্ত্রণাদাতার অনিষ্ট হতে। যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে। জ্বিন ও মানুষের মধ্য হতে। (নাসঃ ১-৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11840

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন